**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/২০১৭-৫৯৩০ (৪৫) জে, তারিখঃ ০৮ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ / ২৩ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

**বিষয় ঃ জামালপুর জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসীতে কর্মরত জারীকারক জনাব মোঃ ফারুক হোসেন এর অসুস্থতাজনিত কারণে চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য আর্থিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।**

সূত্র ঃ জেলা জজ এর কার্যালয়, জামালপুর। স্মারক নং-৩৬১ জেঃ জঃ জাঃ/২০২০ তারিখ ঃ ২৭/১০/২০১০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জামালপুর জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসীতে কর্মরত জারীকারক জনাব মোঃ ফারুক হোসেন তার আবেদনে উল্লেখ করেছেন যে, তিনি জামালপুর চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে জারীকারক পদে গত ২৪/০৮/২০১১ খ্রিঃ তারিখে যোগদান করে অদ্যাবধি উক্ত আদালতে কর্মরত আছেন। তিনি গত ৪/৫ বছর যাবৎ পাইল্স এর সমস্যায় ভোগার পর গত ২৭/১০/২০১৯ খ্রিঃ তারিখে অধ্যাপক ডাঃ এ.কে.এম ফজলুল হকের নিকট অপারেশন করান এবং উক্ত অপারেশন সফল না হওয়ায় পর পর আরো দুইবার অপারেশন করাতে হয়। উক্ত অপারেশনে ইনফেকশন হয়ে রেকটম, কোলন ও স্টমাকে ছড়িয়ে যায় এবং পরবর্তীতে **Inflammatrory Bowel Disease (Crohans Disease)** এ পরিণত হয়। বাংলাদেশে উক্ত দূরারোগ্য রোগের চিকিৎসা করাতে তার প্রায় ছয় লক্ষ টাকার মত খরচ হয়। কিন্তু তদুপরি তার উক্ত রোগ ভাল না হওয়াতে ডাক্তারের পরামর্শক্রমে তিনি উন্নত চিকিৎসার জন্য ভারতের চেন্নাইয়ের **Christian Medical College** এ গমন করেন। যাতে তার প্রায় চার লক্ষ টাকার মত খরচ হয়। তার অবস্থার কিছুটা উন্নতি হয় কিন্তু তার রোগ ভালো হয়নি। চিকিৎসার জন্য তাকে আবারো ভারতে গমন করতে হবে। যাতে তার আনুমানিক আরো প্রায় পাচঁ লক্ষ টাকার মত খরচ হবে। উক্ত চিকিৎসার ব্যয় নির্বাহ করতে গিয়ে বর্তমানে তিনি দারুণ আর্থিক সংকটে নিপতিত হয়েছেন। দিন দিন তার শারীরিক অবস্থার অবনতি হচ্ছে, অন্যদিকে তার আর্থিক সংকটও তীব্র থেকে তীব্রতর হচ্ছে। প্রতিমাসে তার প্রায় ১০/১২ হাজার টাকার ঔষধ গ্রহণ করতে হয়। তিনি চতুর্থ শ্রেনীর একজন ছোট কর্মচারী। তার স্ত্রী একজন গৃহিনী। তার দুইটি সন্তান রয়েছে। চিকিৎসার অভাবে তিনি মৃত্যুবরণ করলে তার অবর্তমানে তার স্ত্রী-সন্তানদের ভরণ-পোষণ কিংবা দেখাশোনা করার মত কেউ থাকবেনা। তার আর্থিক সংকট চরম আকার ধারণ করায় তার পক্ষে আর চিকিৎসার ব্যয় নির্বাহ করা সম্ভবপর হচ্ছে না। চিকিৎসা না করালে তিনি ধীরে ধীরে মৃত্যুমুখে পতিত হবেন। তার স্ত্রী অকালে বিধবা হবে এবং তার সন্তান দুইটি অনাথ হয়ে পড়বে।

২। বর্ণিতাবস্থায়, সংশ্লিষ্ট কর্মচারী তার চিকিৎসার ব্যয় নির্বাহের নিমিত্ত বাংলাদেশের বিচার বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীর নিকট আর্থিক সহায়তা পাওয়ার জন্য বিনীত প্রার্থনা করেছেন।

৩। এমতাবস্থায়, জামালপুর জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসীতে কর্মরত জারীকারক জনাব মোঃ ফারুক হোসেন এর চিকিৎসার জন্য আর্থিক সাহায্যের আবেদন এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো। একই সাথে আপনার অধীনস্থ একজন কর্মকর্তাকে এতদ্‌উদ্দেশ্যে দায়িত্ব প্রদানক্রমে এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় করার জন্যও অনুরোধ করা হলো।

**সংযুক্তি ঃ ০২ (দুই) ফর্দ।**

**সাহায্য পাঠানোর ঠিকানা**
**জনাব মোঃ ফারুক হোসেন**
**সঞ্চয়ী হিসাব নং-২৬০৮৮৩৪১৫০৭৫৩**
**সোনালী ব্যাংক লিঃ, জামালপুর শাখা, জামালপুর।**
**বিকাশ পার্সোনাল নম্বর-০১৩১২-৩৭৯৬৩৮**

**স্বাঃ/-**
(মোঃ গোলাম রব্বানী)
রেজিস্ট্রার
ফোনঃ ৯৫১৪৬৪৬।
ই-মেইলঃ registrar_hcd@supremecourt.gov.bd

স্মারক নং- জে, তারিখ ঃ ২৬/১১/২০২০খ্রিঃ।

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-**

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
২. যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৩. মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৪. যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

৫. মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৬. জেলা ও দায়রা জজ,------------------------------------------------------------ ----- (সকল) (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৭. মহানগর দায়রা জজ, --- ----------------------------------- ------------------------------ (সকল) (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৮. বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ---------------------------------------------(সকল)।
৯. বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমনট্রাইব্যুনাল, ----------------------------------- (সকল)।
১০. বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমনট্রাইব্যুনাল,------- ------------------- (সকল)।
১১. বিচারক (জেলা জজ), দ্রুত বিচারট্রাইব্যুনাল,--------- ------------------ ------------------ (সকল)।
১২. বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষট্রাইব্যুনাল..................................................(সকল)।
১৩. বিচারক (জেলা জজ), মানব পাচার অপরাধ দমনট্রাইব্যুনাল..................................................(সকল)।
১৪. সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেটট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১৫. সদস্য (জেলা জজ), প্রশাসনিকট্রাইব্যুনাল,----- -------------------------------- (সকল) (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
১৬. সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৭. চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ---------------------------------------------------- (সকল)।
১৮. স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত -------------------------------------------(সকল)।
১৯. বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা (আপনার অধীনস্থ সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
২০. সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সসাইজ ও ভ্যাট আপীলাতট্রাইব্যুনাল,------------------------- (সকল)।
২১. চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য়, কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
২২. বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
২৩. চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২৪. বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২৫. সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২৬. সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৭. পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
২৮. সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা (কমিশন সচিবালয়ে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
২৯. রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা (আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৩০. পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা (ইন্সটিটিউটে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৩১. সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা (কমিশনে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৩২. আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৩. উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৪. আইন উপদেষ্টা, বাংলাদেশ কর্ম কমিশন সচিবালয় (পিএসসি), ঢাকা।
৩৫. পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৬. আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৭. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,------ ---------------------------------------------------------(সকল)
(আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৩৮. চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,--------- -------------------------------------------------------(সকল)
(আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৩৯. আইন কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয় (আইন শাখা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০. আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪১. রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ১৪ আঃ গণি রোড, ঢাকা।
৪২. আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৩. গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
৪৪. রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিস্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৫. রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৬. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২৬/১১/২০২০

(মোঃ মিজানুর রহমান)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোনঃ ৯৫৬১৯৩২।

Nazrul/Note

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজ এর কার্যালয়
জামালপুর।

স্মারক নং-৬৬৭জেঃ জঃ জাঃ/২০২০ তারিখ ঃ ২৫.১০.২০২০খ্রিঃ।

প্রেরক ঃ মোঃ জুলফিকার আলী খাঁন
জেলা ও দায়রা জজ
জামালপুর।

প্রাপক ঃ মাননীয়
রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

বিষয় ঃ <u>জামালপুর জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসীতে কর্মরত প্রসেস সার্ভার জনাব ফারুক হোসেন এর অসুস্থতাজনিত কারণে চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য আর্থিক সাহায্যের আবেদন অগ্রগামীকরণ প্রসঙ্গে।</u>

সুত্র ঃ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, জামালপুর এর বিগত ২৭.১০.২০২০ খ্রিঃ তারিখের ৩৫৪/চীঃ জুঃ ম্যাঃ আঃ জাঃ/২০২০নং স্মারক।

মহাত্মন,

যথাবিহীত সম্মান পূর্বক নিবেদন এই যে, উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাইতেছে যে, জামালপুর জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসীতে কর্মরত প্রসেস সার্ভার জনাব মোঃ ফারুক হোসেন এর অসুস্থতাজনিত কারণে চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য আর্থিক সাহায্যের আবেদনপত্র অগ্রগামী করা হইল।

ইহা মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হইল।

আপনার অনুগত

**(মোঃ জুলফিকার আলী খাঁন)**
গ্রেডেশন নং-২৩৪
জেলা ও দায়রা জজ
জামালপুর।

<u>সংযুক্তঃ-</u>

১। আর্থিক সাহায্যের আবেদনপত্র ........০১ (এক) ফর্দ।
২। অসুস্থতাজনিত কাগজপত্রাদি ........ ২২ (বাইশ) ফর্দ।

বরাবর,
মাননীয় রেজিস্ট্রার জেনারেল,
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

মাধ্যম ঃ মাননীয় জেলা ও দায়রা জজ, জামালপুর।

মাধ্যম ঃ মাননীয় চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, জামালপুর।

মাধ্যম ঃ ভারপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট,
নেজারত শাখা,
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত,
জামালপুর।

বিষয় ঃ দূরারোগ্য Inflammatory Bowel Disease (Crohns Disease) চিকিৎসার ব্যয় নির্বাহের নিমিত্তে আর্থিক সাহায্যের আকুল আবেদন।

মহাত্মন,

যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক বিনীত নিবেদন এই যে, আমি মোঃ ফারুক হোসেন, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, জামালপুরে জারীকারক পদে গত ২৪/০৮/২০১১ ইং তারিখে যোগদান করি এবং বর্তমানে জারীকারক হিসেবে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, জামালপুরেই কর্মরত আছি। আমি বিগত ৪/৫ বছর যাবৎ পাইল্স এর সমস্যায় ভোগার পর গত ২৭/১০/২০১৯ ইং তারিখে অধ্যাপক ডাঃ এ.কে.এম ফজলুল হকের নিকট অপারেশন করাই এবং উক্ত অপারেশন সাকসেসফুল না হওয়াতে পর পর আরো দুইবার অপারেশন করাতে হয় (চিকিৎসার কাগজপত্র সংযুক্ত)। উক্ত অপারেশনে ইনফেকশন হয়ে রেকটম, কোলন ও স্টমাকে ছড়িয়ে যায় এবং পরবর্তীতে Inflammatory Bowel Disease (Crohns Disease) এ পরিণত হয়। বাংলাদেশে উক্ত দূরারোগ্য রোগের চিকিৎসা করাতে আমার প্রায় ছয় লক্ষ টাকার মত খরচ হয়। কিন্তু তদুপরিও আমার উক্ত রোগ ভাল না হওয়াতে ডাক্তারের পরামর্শক্রমে আমি উন্নত চিকিৎসার জন্য ভারতের চেন্নাইয়ের Christian Medical College, Vellore এ গমন করি (চিকিৎসার কাগজপত্র সংযুক্ত)। যাহাতে আমার প্রায় চার লক্ষ টাকার মত খরচ হয়। আমার অবস্থার কিছুটা উন্নতি হয় কিন্তু আমার রোগ এখনও ভালো হয়নি। চিকিৎসার জন্য আমাকে আবারো ভারতে গমন করতে হবে। যাহাতে আমার আনুমানিক আরো প্রায় পাঁচ লক্ষ টাকার মত খরচ হবে। উক্ত চিকিৎসার ব্যয় নির্বাহ করতে গিয়ে বর্তমানে আমি দারুণ আর্থিক সংকটে নিপতিত হয়েছি। দিন দিন আমার শারীরিক অবস্থার অবনতি হচ্ছে, অন্যদিকে আমার আর্থিক সংকটও তীব্র থেকে তীব্রতর হচ্ছে। এখনও প্রতিমাসে আমার প্রায় ১০/১২ হাজার টাকার ঔষধ গ্রহণ করতে হয়।

মহোদয়, আমি চতুর্থ শ্রেনীর একজন ছোট কর্মচারী। আমার স্ত্রী একজন গৃহিনী। আমার দুইটি সন্তান রয়েছে। চিকিৎসার অভাবে আমি মৃত্যুবরণ করলে আমার অবর্তমানে আমার স্ত্রী ও সন্তানদের ভরণপোষণ কিংবা দেখাশোনা করার মত কেউ নেই।

মহোদয়, আমার আর্থিক সংকট চরম আকার ধারণ করায় আমার পক্ষে আর চিকিৎসার ব্যয় নির্বাহ করা সম্ভবপর হইতেছে না এবং চিকিৎসা না করালে আমি ধীরে ধীরে মৃত্যুমুখে পতিত হব। আমার স্ত্রী অকালে বিধবা হবে এবং আমার সন্তান দুইটি অনাথ হয়ে পরবে। সুতরাং এই পৃথিবীতে বেঁচে থাকার জন্য বিচার বিভাগের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারী ভাইবোনদের জরুরী সাহায্যের হাত আমার প্রতি প্রসারিত করা একান্ত আবশ্যক।

এমতাবস্থায়, মহোদয় সমীপে বিনীত আরজ এই যে, আমাকে উল্লেখিত চিকিৎসার ব্যয় বাবদ বিশাল খরচে সাহায্য করে আমাকে বেঁচে থাকার সুযোগ এবং আমার পরিবারের সদস্যদের অসহায় ও অনাথ হওয়ার হাত থেকে রক্ষা করার জন্য আকুল আবেদন জানাইতেছি।

বিনীত,
আপনার একান্ত অনুগত
মোঃ ফারুক হোসেন
(মোঃ ফারুক হোসেন)
প্রসেস সার্ভার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত,
জামালপুর।

সাহায্য পাঠানোর ঠিকানা ঃ
মোঃ ফারুক হোসেন
সঞ্চয়ী হিসাব নং-২৬০৮৮৩৪১৫০৭৫৩
সোনালী ব্যাংক লিমিটেড, জামালপুর শাখা,
জামালপুর।
ব্যক্তিগত বিকাশ নং ঃ ০১৩১২৩৭৯৬৩৮।

সংযুক্ত ঃ
১। চিকিৎসার কাগজপত্র-২৩ (তেইশ) ফর্দ।